দৈনিক ইত্তেফাক

তারিখ 23 NOV 2015
পৃষ্ঠা ৩৭ কলাম ৫

# ইবি'র ৩৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

■ ইবি (কুষ্টিয়া) সংবাদদাতা

ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে গতকাল রবিবার ইসলামী বিশ্ববিদ্যালয়ের ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে পতাকা উত্তোলন ও বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়।

রবিবার সকাল সাড়ে ৮টায় প্রশাসন ভবনের চত্বরে জাতীয় পতাকা উত্তোলন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকার এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন প্রো-ভিসি প্রফেসর ড. শাহিনুর রহমান। জাতীয় ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলনের পর সকল হলের প্রভোস্ট নিজ নিজ হলে জাতীয় পতাকা উত্তোলন করেন। পরে সকাল সাড়ে ১০টায় প্রশাসন ভবনের সামনে থেকে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকারের নেতৃত্বে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। এতে প্রো-ভিসি প্রফেসর ড. মো. শাহিনুর রহমান, ট্রেজারার প্রফেসর ড. আফজাল হোসেন, শিক্ষক সমিতির সাবেক সভাপতি প্রফেসর ড. রাশিদ আসকারীসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।